

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর



<http://www.bagherpara.jessore.gov.bd>

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৭২৪

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯

০৬ ডিসেম্বর ২০২২

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভা নোটিশ প্রেরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

৬-১২-২০২২

সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব রনজিত কুমার রায়, মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪
- ২) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

সভাপতি:- জনাব বিজ্ঞাপিত পারলীন সার্থী
দ্রোহাঙ্গান, উদ্যোগী পরিষদ, বাগাচপাড়া

স্থান :- উদ্যোগী পরিষদ মিলনাগতন

তারিখসময়: ০৬/১২/২০২২খ্রি: বৃহস্পতিবার দুপুর-১০.৬০ ঘটিকা

সভায় উপস্থিত সভাপতিনির্বাচনের স্মারক:-

১। জনাব মো :- মোঃ রওফ, জেএস দ্রোহাঙ্গান, উদ্যোগী পরিষদ

২। জনাব বিজ্ঞাপিত বিজ্ঞান, মহিলা জেএস দ্রোহাঙ্গান →

৩। জেএস, দ্রোহাঙ্গান, বাগাচপাড়া →

৪। জেএস, জেএস, ইদলি, বাগাচপাড়া →

৫। " " " " " " →

৬। " " " " " " →

৭। " " " " " " →

৮। " " " " " " →






৯। " " " " " " →

১০। " " " " " " →

১১। " " " " " " →

১২। " " " " " " →

সভায় উপস্থিত বিজ্ঞানীয় প্রধানদের স্বাক্ষর (অনুমোদিত স্বাক্ষর)

- ১। মোঃ সুলতান করিম UAO 
- ২। ড. টি. এম. সুলতান (চলমান) USSO 
- ৩। মোঃ আবু হান্নিফ, SAE, DPHE 
- ৪। মোঃ মোহাম্মদ বাক্কর UAO 
- ৫। মোঃ আবুল কালাম খোশেন মান USEO 
- ৬। মোঃ হোয়াংজেন খোশেন UAO 
- ৭। বিক্রম কুমার প্রামানিক, ARDO, BRDB 
- ৮। ফিরোজ আহমেদ PIO 
- ৯। বিষ্ণু কুমার সরকার, জিওগ্রাফার, জিওগ্রাফিক্যাল অফিস, 
- জালালাউদ্দিন আহমেদ UFPAN: M: অফিস 
- ১০। মাহদিয়া সারওয়ান মজলুমী পরিদর্শক মজলুমী অফিস 
- ১১। মোঃ আবু হান্নিফ, UAO 
- ১২। মোঃ আবুল কালাম খোশেন UAO 
- ১৩। মোঃ আবুল কালাম খোশেন (প্রিন্সিপাল অফিস) বিজ্ঞানী পরিদর্শক 

১৪। ড. আবুল কালাম খোশেন মোঃ, UHBFPO, (উপস্থিত) 

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাহী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ০৮ ডিসেম্বর/২০২২ বৃহস্পতিবার, বেলা-১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিধীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নথি, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ গোপাঞ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বিজন কুমার প্রামাণিক, উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব বিপুল কুমার সরকার, ক্ষেত্রসহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ মহিউদ্দীন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব শাহিদা পারভীন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ আমিনুল হক, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব তৈমুর হোসেন, প্রশিক্ষক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব ডাঃ অরুণ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব ডাঃ মোঃ ফজলে রাব্বী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে প্রাপ্ত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শ্রুত করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শ্রুত করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোটাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	স্থায়ী কমিটি সমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থায়ী কমিটির মাধ্যমে ছাড়া পরবর্তীতে কোনরূপ আলোচনা ও প্রকল্প গ্রহন করা হবে না।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জানান যে, উপজেলা পরিষদে দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে জহরপুর, বন্দবিলা ও রায়পুর ইউনিয়নসমূহের আবেদন এর তদন্ত কার্যক্রম শেষ হয়েছে। যার প্রেক্ষিতে অদ্য সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত উপজেলা সেচ কমিটি এর সভায় উপস্থাপন পূর্বক বাছাইকৃত তালিকা পরিশিষ্ট-ক আকারে সভা উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পরিশিষ্ট-ক অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) উপজেলা পর্যায়ে সেচ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে তাৎক্ষণিক পরামর্শ ও সমাধানসহ নানাবিধ বিষয়ে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ প্রদানের বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোরকে অত্র উপজেলার সেচ সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়।	(ক) প্রকল্পসমূহ(পরিশিষ্ট- ক) অনুমোদন করা হয়। (খ) উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোরকে অত্র উপজেলার সেচ সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপসহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ) ৪। সংশ্লিষ্ট সকল (খ) ১। উপজেলা কৃষি কর্মকর্তা ২। উপসহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ)
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) জাতীয় দিবস উদযাপন বিল উত্তোলনঃ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ও জাতীয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন উৎসবে ব্যয়ের জন্য উপজেলা পরিষদের জাতীয় দিবস উদযাপন খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিলটি উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের দক্ষতা উন্নয়ন খাতের আওতায় গৃহিত প্রশিক্ষণ কার্যক্রমের বিল ভাউচার প্রেরণঃ ২০২০-২১ অর্থ বছরের (পঞ্চম ধাপ) দক্ষতা উন্নয়ন খাতের আওতায় গৃহিত প্রশিক্ষণসমূহের বিলভাউচারসমূহ প্রেরণ করার লক্ষ্যে প্রস্তুত করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত বিলভাউচার প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফকে অনুরোধ জানানো হয়।	(ক) বিল অনুমোদন করা হয়। (খ) দ্রুততার সহিত বিলভাউচার প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। ইউডিএফ

অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায্যকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)

উপজেলা পরিষদের কর্মচারীদের ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলা:
উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ এবং স্থানীয় সরকার বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৭৩৬ নং স্মারকপত্র নির্দেশনা মোতাবেক স্ব-স্ব কর্মচারী কর্তৃক তাদের বকেয়াসহ ভবিষ্য তহবিল(সিপিএফ) খোলার জন্য আবেদন দাখিল করেছেন। বর্ণিত আবেদন থেকে জানা যায় কর্মচারীগণ ইতোপূর্বেও স্থানীয় সরকার বিভাগের ০৩ মার্চ ২০২০খ্রিঃ তারিখের ৩১৮নং স্মারকের নির্দেশনা মোতাবেক জিপিএফ খুলতে গিয়ে জটিলতায় হিসাবরক্ষণ অফিস কর্তৃক বন্ধ করে দেওয়া হয়। পরবর্তী উপরে বর্ণিত স্মারকে বর্ণিত কর্মচারীদের সিপিএফ হিসাব খুলে মন্ত্রণালয়কে অবহিত করতে বলা হয়েছে বিষয়টি সভায় উপস্থাপন করা হয় এবং কর্মচারীদের বকেয়া হিসাব নিম্নরূপ হকে উপস্থাপন করা হয়ঃ

নাম	হতে	পর্যন্ত	মোট টাকা (কর্মচারী কর্তৃক প্রদেয়)	মোট টাকা (পরিষদ কর্তৃক প্রদেয়)
মোঃ মাসুদুর রহমান	জুন- ২০১২	নভেম্বর- ২০২২	১৫৩৬৩৮/-	১৫৩৬৩৮/-
মোঃ পলাশ হোসেন	জানুয়ারী ২০২১	নভেম্বর- ২০২২	৩৩২৩২/-	৩৩২৩২/-
রিমা খাতুন	জুন ২০২০	নভেম্বর- ২০২২	২৮৯৮৪/-	২৮৯৮৪/-
মোঃ মামুন হোসেন	জুন ২০২০	নভেম্বর- ২০২২	২৮৯৮৪/-	২৮৯৮৪/-

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে বলা হয় যেহেতু কর্মচারীগণের ভবিষ্য তহবিল তাদের চাকুরী জীবনে একটি গুরুত্বপূর্ণ অধিকার, কিন্তু প্রশাসনিক জটিলতায় উক্ত হিসাব খোলা সম্ভব হয়নি, সেহেতু তাদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে তাদের ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলাসহ যোগদানের মাস হতে বকেয়া প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে কর্মচারীদের সিপিএফ হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্তসমূহঃ

ক) যেহেতু উপজেলা পরিষদে এখনও সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা নিয়োগ হয়নি সেহেতু উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১০ এর ৪৬ (৩)বিধি মোতাবেক স্ব-স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে কর্মচারীর নামে ভবিষ্য তহবিল খোলা হবে।

খ) স্ব-স্ব কর্মচারীগণ তাদের যোগদানের তারিখ হতে নভেম্বর-২০২২ মাস পর্যন্ত মূল বেতনের ১০% হিসাবে বকেয়া টাকা পরিশোধ করিবে এবং বর্ণিত বিধিমালার ৪৭(২) অনুসারে উপজেলা পরিষদ কর্তৃক উক্ত সময়ের ১০% বকেয়া টাকা স্ব-স্ব কর্মচারী তহবিলে জমা প্রদান করিবে।

গ) পরবর্তীতে উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা অনুযায়ী প্রতিমাসের অংশ প্রতিমাসে কর্তনসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
- ৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাঘারপাড়া
- ৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখা

সমস্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)

ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকর্তা সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, ছাতিয়ানতলা বাজারে শেড নির্মাণ কাজে কিছু জটিলতা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে চেয়ারম্যান, দরাজহাট ইউপিকে বিষয়টি দ্রুততার সহিত সমাধান করার জন্য আহ্বান জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় এবং উদ্ভূক্ত সমস্যা সংশ্লিষ্ট চেয়ারম্যানকে নিরসন করার জন্য বলা হয়	১। উপজেলা প্রকৌশলী ২। চেয়ারম্যান, ইউপি(সংশ্লিষ্ট)
খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪৬ জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্যু ০১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে ২০৭৩৭০ জন (৮৮.৫৭%) এবং ২য় ডোজ ১৭২৭৮০জন (৮৪%) ৩য় ডোজ ১৯৯৮৪ জন (৫৪%) সম্পন্ন হয়েছে এবং ৫-১১ বছরের শিশু ভ্যাকসিন ১ম ডোজ প্রদান ২৪৬৩৫ এবং ২য় ডোজ ০। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

	আছে। ২৩ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৭০৮৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮০১ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১২১২ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬১৩৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১০১১ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৫০৮ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৫১ জন, ১৬ জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৬০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে।		
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬৮০০ হেক্টর জমির রোপা আমন ধান ইতিমধ্যে কর্তন সম্পন্ন হয়েছে এবং ফলন সন্তোষজনক। ইতোমধ্যে ১৭০ হেঃ জমিতে বোরো ধানের বীজতলা সম্পন্ন হয়েছে এবং আদর্শ বীজতলা স্থাপনের জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। শীতকালীন সবজি, সরিষা, পেঁয়াজ, রসুন, মসুর, ভুট্টা চাষীদের উপসহকারী কৃষি কর্মকর্তারা সার্বিক পরামর্শ প্রদান করছেন। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তিনি আসন্ন বোরো মৌসুমে সেচ সুবিধা ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের গত স্মারক নম্বর ১০১০ তারিখ ৩০/১১/২০২২ইং এর সভার সিদ্ধান্ত সমূহ সভায় উপস্থাপন করে জানান যে, (১) আসন্ন বোরো মৌসুমে রাত ১১.০০টা থেকে সকাল ৮.০০টা পর্যন্ত সময়ের বাইরে কোন প্রকার বিদ্যুৎ চালিত সেচপাম্প চালু রাখা যাবে না। বিদ্যুৎ চালিত সকল প্রকার সেচ পাম্প চালানোর সময় রাত ১১.০০টা হতে সকাল ৮.০০ টা মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে (২) কৃষকগণ যেন প্রয়োজনানুসারে পরিমিত সেচের পানি পায় এ বিষয়ে মনিটরিং করতে হবে (৩) উপজেলার সেচ পাম্পসমূহ সচল করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (৪) উপজেলায় কৃষি ঋণ মেলা আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (৫) পারিবারিক পুষ্টি বাগানের কার্যক্রম জোরদার করতে হবে। এসকল বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। রবি ২০২২-২৩ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় গম-২৩০জন, ভুট্টা-৯০জন, সরিষা-৩৫০০জন, সূর্যমুখী-১৫জন, শীতকালীন পেঁয়াজ-২০জন, মসুর-২৫০জন এবং ৭০৪৫ জন উফশী ও হাইব্রিড বোরো ধান কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং মাঠে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) কার্যক্রমের আওতায় কন্সট্রাক্টর ২টি, সিডার-১৫টি, বেড প্লান্টার-২টি, পটেটো ডিগার-১টি অনুমোদিত কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। জাটকা সংরক্ষণে মাছ বাজারে মতবিনিময় করা হচ্ছে। উপজেলা মৎস্য দপ্তরের আওতায় পরিচালিত এনইটিপি-২ প্রকল্পের ১২(বার)টি প্রদর্শণীর মালামাল বিতরণ করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বয়স্ক ভাতা প্রত্যাশীদের অপেক্ষমান তালিকা স্বস্থ ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবরে চিঠি প্রেরণ করা হয়েছিল, সকল ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। প্রতিস্থাপনের কাজ চলমান। ১ম কিস্তির টাকা বিতরণ চলমান আছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদন এর প্রেক্ষিতে পৌরসভাসহ সর্বমোট- বরাদ্দ পাওয়া গেছে ৬২১ জনের। ইউনিয়ন কমিটি হতে তালিকা পাওয়া গেছে এবং পৌরসভার তালিকা চূড়ান্ত করা হয়েছে। বহি প্রস্তুতের কাজ চলমান। বিভাগের অন্যান্য কার্যক্রম সম্ভোষণক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬০৩৭ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮২৭৬(চক্র) কনডম ১৮৭৫১ (পিস) ইনজেকটেবল ১২২৯ জন আইইউডি ০৮জন, ইমপ্লান্ট ৩৫জন, স্থায়ী পদ্ধতি পরুষ ০০জন, মহিলা ০১ মোট ০১ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রাথমিক মূল্যায়ন (বার্ষিক পরীক্ষা) আগামী ০৮/১২/২০২২ তারিখ হতে শুরু হচ্ছে। শিক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফিস গ্রহন ছাড়াই পরীক্ষা গ্রহন করা হচ্ছে। ৬০ মার্কস এর পরীক্ষা হবে এবং বাকী ৪০ মার্কস এর পরীক্ষা অধ্যয়ন শেষে যে মূল্যায়ন করা হয়েছে সেখান থেকে নেওয়া হবে। ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মেধা যাচাইয়ের লক্ষ্যে চলতি ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২২ অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহনের জন্য বিদ্যালয় হতে ছাত্র-ছাত্রীদের সংখ্যা (১০%) সংগ্রহপূর্বক উহা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সরকার কর্তৃক প্রদত্ত ২০২৩ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্য বই অত্র উপজেলায় প্রাপ্ত হয় নাই। বিদ্যালয় হতে প্রাপ্ত চাহিদা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিনামূল্যের পাঠ্য বই প্রাপ্তির সাথে সাথেই উহা বিদ্যালয়ে প্রেরণ করা হবে। ১ জানুয়ারী ২০২৩ তারিখেই শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যের পাঠ্য বই বিতরণ করা হবে। ০৯/১১/২০২২ তারিখে উপজেলায় অনুষ্ঠিত উদ্ভাবনী মেলা ২০২২ উপলক্ষে উপজেলা শিক্ষা অফিসের নির্ধারিত ষ্টলে শিক্ষকগণ বিভিন্ন ধরনের উপকরণ নিয়ে হাজির হয় এবং ষ্টলটি জাকজমকপূর্ণভাবে আকর্ষণীয় করে তোলেন। উদ্ভাবনী মেলা ২০২২ এর মেলায় উপজেলা শিক্ষা অফিসের ষ্টলটি ১ম স্থান হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গত ০৬.১১.২০২২ খ্রিঃ তারিখ থেকে অত্র বাঘারপাড়া উপজেলায় ০৫ টি এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্রে, ০১ টি মাদ্রাসা আলীম পরীক্ষা কেন্দ্রে এবং ০২ টি এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে এইচ.এস.সি, আলীম ও এইচ.এস.সি ভোকেশনাল পরীক্ষা শুরুর হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং দিক নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলাধীন ৪৭ টি বিদ্যালয়, ৩১ টি মাদ্রাসা, ০৯ টি কলেজ এবং ০২ টি কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের আই.সি.টি শিক্ষকদের উপজেলা পর্যায়ে ০৩ দিনের আই.সি.টি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। গত ২৪.১০.২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুগরের বিজ্ঞান শিক্ষা কার্যক্রমের আওতায় উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। “পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)” শীর্ষক ফ্রিমের আওতায় “স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবসহাণনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রম চলমান আছে। গত ০৯.১১.২০২২ খ্রিঃ তারিখে বাঘারপাড়া উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে বাঘারপাড়া উপজেলা পরিষদ চত্বরে ডিজিটাল উদ্ভাবনী মেলা -২০২২ সফলভাবে সম্পন্ন হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

এ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুষ্টি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৮৬৬.০৮ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ২০৭জন সদস্যের মধ্যে ৮৪.০১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭৮.৭০ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০২৯১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে থেকে ৩১০৪ জন যুব ও ২০৭০ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্যে হতে ১০২৪ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৪ জন কে যুব ঋণ হিসাবে ৪৭০০১৩০০/- (চার কোটি সত্তর লক্ষ এক হাজার তিনশত) টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আরও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তীর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ২২টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/- টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/- টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/- টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/- টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/- টাকা উহাসহ এপর্যন্ত ঋণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/- টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫,৭০০/- টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭৪,৮৪০/- টাকা মোট ঋণ আদায় ৩৫,৫২,৩৯৪/- টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,২২,৪৪৬/- টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। ভিডলিউবি কার্যক্রমের আওতায় নভেম্বর/২২ মাস পর্যন্ত ভাতাভোগীদের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। ডিসেম্বর/২০২২ মাসের খাদ্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে। মাতৃকালীনভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের এজিওর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৮ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০ টাকা প্রদান করা হয়েছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

চ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, নতুন গভীর নলকূপের কোন ঠিকাদার কাজ পেয়েছে তা আগামী সপ্তাহে জানা যাবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ভ. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(১) উপজেলা নির্বাহী অফিসার সকলকে আগামী ০৯-১২-২০২২খ্রিঃ তারিখ দুর্নীতি প্রতিরোধ দিবস-২০২২ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানেসমূহে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। (২) আগামী ২২-১২-২০২২খ্রিঃ তারিখ উপজেলা পর্যায়ে কৃষি ঋণ মেলা করা হবে, বিষয়টি কৃষকদের প্রচার প্রচরণা করার জন্য চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	(১) অনুষ্ঠানেসমূহে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। (২) প্রচার প্রচরণা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	(১) সংশ্লিষ্ট সকল

অতঃপর অধ্যকার সভায় তার কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভিক্টোরিয়া পারভীন সাহী

সভাপতি

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৬৮

তারিখঃ ১২/ ১২/ ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।



সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।